# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/১২৫/ঢাকা/ ২০৮ তারিখ: ২৪/০২/২৫

***বিষয়: কারন দর্শানো প্রসঙ্গে।***

সূত্র : (১) জনাব আহসান উল কবির (প্রধান শিক্ষক), ঢাকা কটন মিল আদর্শ উচ্চ বিদ্যালয় এর ০৯/০২/২০২৫ ইং তারিখের বোর্ড ফি সহ আবেদন।

(২) জনাব আক্তার উননেছা শিউলী (উপসচিব), আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১০, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বিদ্যালয়ের কমিটির সভাপতির দায়িত্ব প্রাপ্ত-এর ২৭/০১/২০২৫ ইং তারিখের অফিস আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আহসান উল কবির বিগত ১৩/০১/২০২৫ ইং তারিখ হতে ২৭/০১/২০২৫ ইং তারিখ পর্যন্ত মোট ১৫(পনের) দিন পারিবারিক প্রয়োজনে পূর্ণগড় বেতনে ছুটি ভোগ করে বিদ্যালয়ে যোগদান করেন। তাঁর ছুটিকালীন সময়ে জনাব ফাহমিদা সাইদ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে দায়িত্বভার গ্রহণ করেন। নিয়ম অনুযায়ী প্রধান শিক্ষক জনাব আহসান উল কবির ছুটি ভোগ করে যোগদানের পর দায়িত্বভার বুঝিয়ে দেয়ার জন্য সূত্রোক্ত ২ নং এ বিদ্যালয়ের সভাপতি জনাব আক্তার উননেছা শিউলী (উপসচিব), আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১০, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ২৭/০১/২০২৫ ইং তারিখের অফিস আদেশ প্রদান করেন। কিন্তু অদ্যাবধি জনাব ফাহমিদা সাইদ প্রধান শিক্ষকের দায়িত্বভার বুঝিয়ে না দিয়ে বিদ্যালয়ের সভাপতির অফিস আদেশ অমান্য করেছেন যা চাকুরী বিধিমালার সুস্পষ্ট লংঘন।

এমতাবস্থায়, চাকুরী-বিধি লংঘনসহ প্রধান শিক্ষকের দায়িত্বভার বুঝিয়ে না দেয়ায় কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এর জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
***প্রফেসর কাজী ফয়জুর রহমান***
আইডি নং-০০৯২৫১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: জনাব ফাহমিদা সাইদ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ঢাকা কটন মিল আদর্শ উচ্চ বিদ্যালয়
ফরিদাবাদ, শ্যামপুর, ঢাকা।

মেমো নং- ২০৮(১০) তারিখ: ২৪/০২/২৫

***অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :***

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
০৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, ঢাকা।
০৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
০৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
০৭। সভাপতি, ম্যানেজিং/এডহক কমিটি, ঢাকা কটন মিল আদর্শ উচ্চ বিদ্যালয় ফরিদাবাদ, শ্যামপুর, ঢাকা।
০৮। জনাব আহসান উল কবির (প্রধান শিক্ষক), ঢাকা কটন মিল আদর্শ উচ্চ বিদ্যালয় ফরিদাবাদ, শ্যামপুর, ঢাকা।
০৯। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস কপি।

২৪/২/২৫
***বিদ্যালয় পরিদর্শক***
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৪/০২/২৫